যুগান্তর

# দশ লাখ টাকা ঘুসে মাদ্রাসায় কর্মচারী নিয়োগের অভিযোগ

ঝালকাঠিতে মানববন্ধন

ঝালকাঠি প্রতিনিধি

০১ অক্টোবর ২০২২, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

ঝালকাঠির ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় দশ লাখ টাকা ঘুসের বিনিময়ে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে একজনকে নিয়োগ দেওয়ার অভিযোগে অধ্যক্ষের বিরুদ্ধে মানববন্ধন করা হয়েছে। ঝালকাঠি প্রেস ক্লাবের সামনের সড়কে শুক্রবার দুপুরে এ কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে অংশ নেন নিয়োগের লিখিত পরীক্ষায় অংশ নেওয়া অন্য প্রার্থীরা। তারা অভিযোগ করেন, ঝালকাঠি ইসলামিয়া ফাজিল মাদ্রাসায় ২ সেপ্টেম্বর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ১৯ প্রার্থী অংশ নেন। ৮ জন প্রার্থীকে ব্যবহারিক পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হয়। এর মধ্যে তিনজনকে মৌখিক পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ডাকা হয়। পরীক্ষায় ২৫ জনের মধ্যে ২২ পেয়ে প্রথম হওয়া মো. সোলায়মানকে লিখিত পরীক্ষায় ডাকা হয়নি। তার পরিবর্তে দশ লাখ টাকার বিনিময়ে তৃতীয় স্থানে থাকা খাইরুল হাসান নামে একজনকে ওই পদে নিয়োগ দেন অধ্যক্ষ। নিয়োগপ্রাপ্ত খাইরুল নেছারাবাদ কামিল মাদ্রসার ননএমপিও কর্মচারী ছিলেন এবং এই মাদ্রাসার অধ্যক্ষ গাজী মো. শহিদুল ইসলাম ছিলেন নিয়োগ পরীক্ষায় ডিজির প্রতিনিধি। চাকরি প্রার্থী মো. সোলায়মান বলেন, খাইরুল হাসান তৃতীয় স্থানে ছিল। সে লিখিত পরীক্ষায় পেয়েছে ১৪ নম্বর। আমি পেয়েছি ২২ নম্বর, তবুও আমাকে মৌখিক পরীক্ষায় ডাকা হয়নি। গোপনে তারা ১০ লাখ টাকার বিনিময়ে খাইরুলকে নিয়োগ দিয়েছেন। এ ঘটনার সুষ্ঠু তদন্ত চাচ্ছি।

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

X

অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।